একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর উপপরিচালক ও সহকারী পরিচালকগণের সাথে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

সভাপতি : ব্রিগেডিয়ার জেনারেল মুহাম্মদ জাহেদ কামাল, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি

তারিখ : ২৪ ডিসেম্বর, ২০২৪

সময় : ১২.০০ ঘটিকা

স্থান : সম্মেলন কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর।

উপস্থিতি : সভায় উপস্থিত কর্মকর্তা/কর্মচারীদের নামের তালিকা 'পরিশিষ্ট-ক'।

সভায় সরাসরি উপস্থিত ও ভিটিসি এর মাধ্যমে যুক্ত সকলকে শুভেচ্ছা ও ধন্যবাদ জানিয়ে মহাপরিচালক মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ) বিগত সভার কার্যবিবরণী ও সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন।

এ সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রমিক | বিষয় | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১। | বদলি সংক্রান্ত | যে-সকল আবেদনকারী বদলি আবেদনে ৪টির কম স্টেশন উল্লেখ করেছেন তাদের আবেদন ফেরত পাঠিয়ে সংশোধনপূর্বক পুনরায় প্রেরণ করার নির্দেশ দিতে হবে। সকলের ক্ষেত্রে আবেদনে উল্লিখিত পছন্দের স্টেশনে বদলি করার চেষ্টা করা হবে, সম্ভব না হলে পছন্দের স্টেশনের আশেপাশের স্টেশনে সমন্বয় করা হবে। | • পরিচালক(প্রশাঃ ও অর্থ)<br>• উপপরিচালক (সকল বিভাগ)<br>• সহকারী পরিচালক (সকল বিভাগ) |
| ০২। | তদবির সংক্রান্ত | কেউ সমস্যার কারণে বদলি আবেদন করার পরে তা বাস্তবায়নে দেরি হলে প্রয়োজনীয় সুপারিশের জন্য সহকারী পরিচালক অথবা উপপরিচালকের সাথে দেখা করতে হবে। তাদের পর্যায়ে সমাধান না হলে প্রয়োজনে মহাপরিচালক মহোদয়ের সাথে দেখা করা যাবে কিন্তু অযথা কোন ব্যক্তির মাধ্যমে সুপারিশ করানো হতে বিরত থাকতে হবে। | • পরিচালক(প্রশাঃ ও অর্থ)<br>• উপপরিচালক (সকল বিভাগ)<br>• সহকারী পরিচালক (সকল বিভাগ) |
| ০৩। | ঢাকায় চাকরি করা সংক্রান্ত | যারা দীর্ঘদিন ঢাকায় চাকরি করছেন, তাদেরকে অন্যদের ব্যাপারে মানবিক হতে হবে। কোনো কারণে তাদেরকে ঢাকার বাহিরে বদলি করা হলে, বদলি আদেশ বাতিল কিংবা স্থগিতের জন্য তদবির/সুপারিশ করানো যাবে না। যারা দীর্ঘদিন | • পরিচালক (প্রশাঃ ও অর্থ)<br>• উপপরিচালক (সকল বিভাগ)<br>• সহকারী পরিচালক (সকল বিভাগ) |

| | | | |
|---|---|---|---|
| | | ঢাকার বাহিরে রয়েছেন, তাদেরকে ঢাকায় চাকরি করার সুযোগ করে দিতে হবে। | |
| ০৪। | ঢাকা/চট্টগ্রাম/সিলেট বিভাগে বদলি/পদায়ন সংক্রান্ত | ফায়ার সার্ভিসের উজ্জ্বল ভাবমূর্তি রক্ষার্থে অপারেশনাল কর্মকান্ডে অধিক সফলতা অর্জনের ওপর গুরুত্বারোপ করতে হবে। ঢাকা ও চট্টগ্রাম বিভাগে অগ্নিকান্ডের সংখ্যা তুলনামূলক বেশি হওয়ায়, এসব বিভাগে বদলি ও পদায়ন করার ক্ষেত্রে চাকরির অভিজ্ঞতা ও দক্ষতা বিবেচনা করা হবে।<br>উল্লিখিত বিভাগগুলোতে অফিসারদের বদলি বা পদায়ন করার ক্ষেত্রে অপারেশনাল কর্মকাণ্ডে দক্ষতা ও ক্রাইসিস ম্যানেজমেন্ট সক্ষমতা, সভা-সেমিনারে অংশগ্রহণের অভিজ্ঞতা ও দক্ষতা বিশেষভাবে বিবেচনা করা হবে। | • পরিচালক(প্রশাঃ ও অর্থ)<br>• পরিচালক (পরিঃ, উন্নঃ প্রশিঃ)<br>• পরিচালক (অপাঃ ও মেইনঃ)<br>• উপপরিচালক (সকল বিভাগ)<br>• সহকারী পরিচালক (সকল বিভাগ) |
| ০৫। | তথ্য পাচার , অভিযোগ ও প্রতিষ্ঠানের স্বার্থ সংক্রান্ত | বদলি, পদায়ন অথবা অন্যকোনো গোপনীয় তথ্য পাচার না করার জন্য সকলকে নির্দেশনা প্রদান করা হয়েছে। কেউ এরূপ কর্মকান্ডে জড়িত হলে তার বিরুদ্ধে উপযুক্ত শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>প্রতিষ্ঠানকে নিজের ভাবতে হবে, এজন্য প্রতিষ্ঠানের সম্মান রক্ষার্থে প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় যেকোনো ধরনের অপপ্রচার করা থেকে বিরত থাকতে হবে। ব্যক্তিস্বার্থের উপরে প্রতিষ্ঠানের স্বার্থকে প্রাধান্য দিতে হবে। ব্যক্তিস্বার্থ দেখা হবে, তবে তা কখনই প্রতিষ্ঠানের স্বার্থকে ক্ষুন্ন করে নয়। | • পরিচালক(প্রশাঃ ও অর্থ)<br>• পরিচালক (পরিঃ, উন্নঃ প্রশিঃ)<br>• পরিচালক (অপাঃ ও মেইনঃ)<br>• উপপরিচালক (সকল বিভাগ)<br>• সহকারী পরিচালক (সকল বিভাগ) |
| ০৬। | দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ সংক্রান্ত | পদোন্নতি প্রত্যাশী স্টেশন অফিসার/স্টাফ অফিসার থেকে উপপরিচালক পর্যন্ত কর্মকর্তাদের ধারাবাহিকভাবে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করা হবে, যেন তারা বিভিন্ন ফোরামে ফায়ার সার্ভিসকে রিপ্রেজেন্ট করতে পারেন।<br>পদোন্নতির পরে কর্মকর্তাদের দায়িত্ব ও ক্ষমতা সম্পর্কে প্রাক ধারণা প্রদান ও বিভিন্ন সভা, সেমিনার বা বৈঠকে অংশগ্রহণের সক্ষমতা তৈরির জন্য উপযোগী প্রশিক্ষন সিলেবাস প্রস্তুত করতে হবে। পিপিআর, আইবাস, ইজিপি, কর্মকর্তাদের আর্থিক ক্ষমতা ইত্যাদি প্রয়োজনীয় বিষয়গুলো সিলেবাসে অন্তর্ভুক্ত করতে হবে। | • পরিচালক (প্রশাঃ ও অর্থ)<br>• পরিচালক (প্রশিক্ষণ, পরিকল্পনা ও উন্নয়ন)<br>• উপপরিচালক (সকল বিভাগ)<br>• সহকারী পরিচালক (সকল বিভাগ) |
| ০৭। | এক্সটিংগুইশার ব্যবসা সংক্রান্ত | পাবনার কাশিনাথপুরে ফায়ার এক্সটিংগুইশার রিফিল দুর্ঘটনায় জড়িত সকলকে শাস্তির আওতায় আনা হবে। দুর্ঘটনার সাথে যারা প্রত্যক্ষভাবে জড়িত ছিল, | • পরিচালক (প্রশাঃ ও অর্থ)<br>• উপপরিচালক (সকল বিভাগ)<br>• সহকারী পরিচালক (সকল বিভাগ) |

| | | | |
|---|---|---|---|
| | | প্রয়োজনে তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>এক্সটিংগুইশার ব্যবসার সাথে কেউ জড়িত হলে তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। সংশ্লিষ্ট স্টেশনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এ ব্যাপারে অবগত থাকুক অথবা না থাকুক, তার বিরুদ্ধেও আইন অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। এডি/ ডিডিদের সকল স্টেশন (বিশেষ করে উত্তরাঞ্চলের) পরিদর্শন করে এতদ্‌বিষয় প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে। | |
| ০৮। | অপারেশনাল কর্মকান্ডে আহত বা নিহত কর্মীদের সহযোগিতা প্রদান সংক্রান্ত | মাঠ পর্যায়ে অপারেশনাল কাজে নিয়োজিত কর্মীদের নিরাপত্তার দিকে খেয়াল রাখতে হবে। সরকারি দায়িত্ব পালন করতে গিয়ে কোনো সদস্য দুর্ঘটনায় পতিত হলে তার চিকিৎসার ব্যাপারে সর্বোচ্চ সহযোগিতা করতে হবে। কেউ নিহত হলে তার পরিবারকে সহযোগিতা করতে হবে।<br>মহাপরিচালক মহোদয় সভাকে জানান ইতোমধ্যে নিহতের পরিবারের জন্য কল্যাণ তহবিল থেকে আর্থিক সাহায্যের পরিমাণ ২০ হাজার থেকে ৫০ হাজার টাকায় উন্নীত করা হয়েছে এবং কল্যাণ তহবিল হতে ৩৩ জনকে বিভিন্ন পরিমাণে প্রায় ১৮ লক্ষ টাকা আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। | • পরিচালক (প্রশাঃ ও অর্থ)<br>• পরিচালক (অপারেশন ও মেইনটেন্যান্স)<br>• উপপরিচালক (সকল বিভাগ)<br>• সহকারী পরিচালক (সকল বিভাগ) |
| ০৯। | অ্যাম্বুলেন্স সেবা প্রদান সংক্রান্ত | মহাপরিচালক মহোদয় সভাকে জানান যে, এখন থেকে জরুরি অ্যাম্বুলেন্স সেবা প্রদানের ক্ষেত্রে পূর্বানুমতি গ্রহণের প্রয়োজন নেই। অ্যাম্বুলেন্স পাঠানোর পর চেইন অনুযায়ী সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।<br>সহকারী পরিচালক (ঢাকা): কর্মরত অবস্থায় ফায়ার সার্ভিসের কোনো সদস্য মৃত্যুবরণ করলে তার মৃতদেহ ফায়ার সার্ভিসের অ্যাম্বুলেন্সের মাধ্যমে ফ্রিতে বাড়িতে পৌঁছে দেয়ার প্রস্তাব উত্থাপন করেন।<br>সহকারী পরিচালক (চট্টগ্রাম): অদ্যাবধি ফায়ার সার্ভিসে কর্মরত অবস্থায় কোনো সদস্য মৃত্যুবরণ করলে তার মৃতদেহ সরকারি খরচে বাহিরের অ্যাম্বুলেন্স বাড়িতে পাঠানো হয়।<br>সহকারী পরিচালক (ফরিদপুর): সরকারি খরচে বাহিরের গাড়িতে মৃতদেহ পাঠানো হলে বিষয়টি সবাই ভালোভাবে গ্রহণ করে না। ফায়ার সার্ভিসের | • পরিচালক (সকল)<br>• উপপরিচালক(সকল)<br>• সহকারী পরিচালক (সকল) |

| | | | |
|---|---|---|---|
| | | গাড়িতে মৃতদেহ পাঠানো গেলে বিষয়টি ঐ সদস্য ও তার পরিবারের জন্য সম্মানজনক হবে।<br>সহকারী পরিচালক (প্রশিক্ষণ): আঞ্জুমান মফিদুল ইসলাম, রেড ক্রিসেন্ট, দুর্যোগ মন্ত্রণালয় থেকে ফ্রিজিং অ্যাম্বুলেন্স পাওয়ার জন্য যোগাযোগ করা যেতে পারে।<br>উপপরিচালক (পরিকল্পনা): আগামী অর্থবছরে প্রতি বিভাগের জন্য লাশবাহী ফ্রিজিং গাড়ি ক্রয়ের পরিকল্পনা করা যেতে পারে।<br>মহাপরিচালক মহোদয়: কমিটি গঠনের মাধ্যমে সবার সাথে আলোচনা করে ফায়ার সার্ভিসের অ্যাম্বুলেন্সে লাশ পরিবহনের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করা হবে। আপাতত কর্মরত অবস্থায় ফায়ার সার্ভিসের কোনো কর্মী মৃত্যুবরণ করলে, তার মৃতদেহ সরকারি খরচে বাহিরের অ্যাম্বুলেন্সে বহন করা হবে। পরবর্তীতে ফ্রিজিং অ্যাম্বুলেন্স সংগ্রহ করা গেলে, তা বিভিন্ন বিভাগের জন্য এয়ারমার্ক করে দেয়া হবে। | |
| ১০। | নার্সিং এটেন্ডেন্ট প্রদান সংক্রান্ত | উপপরিচালক (অ্যাম্বুলেন্স): ফায়ার সার্ভিসের কোনো সদস্য অসুস্থতার কারণে হাসপাতালে ভর্তি হলে, তার জন্য একজন এটেন্ডেন্ট নিযুক্ত করার জন্য অফিস আদেশ করার প্রস্তাব।<br>মহাপরিচালক মহোদয় : ফায়ার সার্ভিসের কোনো সদস্য অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি হলে, তার আত্মীয়/ পরিবারের সদস্যরা না আসা পর্যন্ত সংশ্লিষ্ট স্টেশন থেকে সার্বক্ষণিক একজন এটেন্ডেন্ট নিযুক্ত করতে হবে, তার সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করতে হবে এবং চিকিৎসার জন্য ফায়ার সার্ভিস থেকে সাধ্যমতো প্রয়োজনীয় সহযোগিতার ব্যবস্থা করতে হবে। | • পরিচালক(প্রশাঃ ও অর্থ)<br>• পরিচালক (অপারেশন ও মেইনটেন্যান্স)<br>• উপপরিচালক (সকল বিভাগ)<br>• সহকারী পরিচালক (সকল বিভাগ) |
| ১১। | অতিরিক্ত রিসোর্স প্রস্তুত রাখা সংক্রান্ত | কোথাও কোনো দুর্ঘটনা ঘটলে সেখানে নিযুক্ত রিসোর্স ছাড়াও অতিরিক্ত রিসোর্স প্রস্তুত রাখতে হবে এবং নিকটবর্তী স্টেশনকে পূর্বপ্রস্তুতি নিয়ে এগিয়ে থাকতে হবে, যেন অনতিবিলম্বে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করা যায়।<br>বিশেষ করে শীতকালীন ৩/৪ মাস তুলনামূলক বেশি সতর্ক অবস্থায় থাকতে হবে। | • পরিচালক (অপারেশন ও মেইনটেন্যান্স)<br>• উপপরিচালক (সকল বিভাগ)<br>• সহকারী পরিচালক (সকল বিভাগ) |
| ১২। | উন্নয়ন ব্যয় ও মনিটরিং টিম সংক্রান্ত | উন্নয়ন বাজেট ব্যয়ের সাথে উন্নয়ন কর্মকাণ্ডের সংগতি যাচাই করে দেখা হবে। ফেব্রুয়ারি বা মার্চ মাসে এ সংক্রান্ত মনিটরিং টিম গঠন করা হবে। তারা | • পরিচালক (প্রশিক্ষণ, পরিকল্পনা ও উন্নয়ন)<br>• উপপরিচালক (সকল বিভাগ) |

| | | | |
|---|---|---|---|
| | | বিভিন্ন বিভাগের উন্নয়ন কর্মকান্ড ব্যয়ের সাথে সংগতিপূর্ণ কিনা তা যাচাইপূর্বক রিপোর্ট প্রদান করবেন।<br><br>মনিটরিং টিমের সদস্যদের নাম ও বিভিন্ন বিভাগে মনিটরিং টিম প্রেরণের তথ্য পূর্ব থেকে প্রকাশ করা হবে না। | • সহকারী পরিচালক (সকল বিভাগ) |
| ১৩। | ডিকম্প্রেসন চেম্বার ও সম্পদের বিবরণী সংক্রান্ত | ডিকম্প্রেশন চেম্বার সংগ্রহের ব্যাপারে কমিটি গঠন করা হয়েছে। কমিটির মতামত পাওয়া সাপেক্ষে এ বিষয়ে সিদ্ধান্ত জানানো হবে।<br>টার্ন আউট থেকে আসার পড়ে ডুবুরিদের বিশ্রাম প্রদানের চেষ্টা করতে হবে। কোনো কারণে বিশ্রাম দেয়া না গেলে সীমাবদ্ধতার বিষয়টি বুঝিয়ে বলতে হবে।<br><br>সম্পদ বিবরণী অধিদপ্তরের নির্দিষ্ট রুমে সংরক্ষণ করতে হবে। তথ্যের গোপনীয়তা ও নিরাপত্তা নিশ্চিত করতে হবে, সরকারি প্রয়োজন ব্যতীত কোনো তথ্য প্রকাশ করা যাবে না। | • পরিচালক(প্রশাঃ ও অর্থ)<br>• পরিচালক (অপাঃ ও মেইনঃ)<br>• উপপরিচালক (সকল বিভাগ)<br>• সহকারী পরিচালক (সকল বিভাগ) |
| ১৪। | গ্রেড আপগ্রেডেশন, সাংগঠনিক কাঠামো পুনর্গঠন ও ঝুকিভাতা সংক্রান্ত | গ্রেড আপগ্রেডেশন ও সাংগঠনিক কাঠামো পুনর্গঠন সংক্রান্ত প্রস্তাব আগামী সপ্তাহে বা দ্রুততম সময়ের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।<br>ঝুঁকিভাতা বৃদ্ধি সংক্রান্ত কাজ চলমান রয়েছে। | • পরিচালক (প্রশাঃ ও অর্থ) |
| ১৫। | আবাসিক ভবন ও হেডকোয়ার্টার বিল্ডিং নির্মাণ সংক্রান্ত | সদরঘাট ও মিরপুরের দুটি আবাসিক ভবন নির্মাণ প্রকল্পের জন্য এখনও অর্থ মন্ত্রণালয় থেকে জনবলের অনুমোদন পাওয়া যায়নি। এ ব্যাপারে চেষ্টা চলমান রয়েছে, আশা করা যায় অচিরেই অনুমোদন পাওয়া যাবে।<br><br>দ্রুততম সময়ের মধ্যে হেডকোয়ার্টার বিল্ডিং নির্মাণ কাজ শুরু চেষ্টা করা হচ্ছে। | • পরিচালক(প্রশাঃ ও অর্থ)<br>• পরিচালক(পরিঃ প্রশিঃ উন্নঃ) |
| ১৬। | ব্রিদিং অ্যাপারেটাস ও চেক লিস্ট মেইনটেইন সংক্রান্ত | ডিডি (অ্যাম্বুলেন্স): ফায়ার সার্ভিসের সকলের ব্রিদিং অ্যাপারেটাস ব্যবহার করে অপারেশনে কাজ করার অভ্যাস তৈরি করতে হবে। এজন্য রেজিস্টার মেইনটেইন করে প্রতিদিন একটি নির্দিষ্ট সময় ব্রিদিং অ্যাপারেটাস পরিধান করে প্র্যাকটিস করতে হবে।<br>মহাপরিচালক মহোদয় : ফাউন্ডেশন ট্রেনিং এ ব্রিদিং অ্যাপারেটাস ও ফায়ার স্যুট পরিধান করে ফায়ার ফাইটিং এর অভ্যাস গড়ে তোলার পাশাপাশি সিস্টেমেটিক ফায়ার ফাইটিং এর কিছু মৌলিক টেকনিক শিখিয়ে দিতে হবে।<br><br>সকল টার্ন আউট গাড়িতে সরঞ্জামাদির চেকলিস্ট মেইনটেইন করতে হবে। এডি ও ডিডিদের এ বিষয়ে | • পরিচালক(পরিঃ প্রশিঃ উন্নঃ)<br>• পরিচালক (অপারেশন ও মেইনটেন্যান্স)<br>• উপপরিচালক (সকল বিভাগ),<br>• সহকারী পরিচালক (সকল বিভাগ) |

| | | | |
|---|---|---|---|
| | | স্টেশনগুলোতে নির্দেশনা প্রদান করতে হবে এবং তদারকি করতে হবে। | |
| ১৭। | নতুন নিয়োগ, সংযুক্তি ও আউটসোর্সিং সংক্রান্ত | স্টেশন অফিসার/স্টাফ অফিসার নিয়োগের প্রক্রিয়া চলমান রয়েছে। ফায়ারফাইটার ও ড্রাইভার নিয়োগের জন্য অতি দ্রুত প্রক্রিয়া শুরু করার জন্য নির্দেশ প্রদান করা হয়েছে।<br><br>সংযুক্তির জন্য অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে। যৌক্তিকতা বিবেচনায় সর্বোচ্চ ৬ মাস সংযুক্ত রাখা যাবে। স্পেশাল টিমের সদস্যদের মেয়াদ ৫ মাস হলে নতুন সদস্যদের টিসিতে এনে প্রশিক্ষণ শুরু করাতে হবে এবং ৬ মাস হলে পুরানো সদস্যদের ছেড়ে দিতে হবে।<br><br>আউট সোর্সিং এ নিয়োগের ক্ষেত্রে চুক্তিপত্রে নিজ জেলা বা বিভাগে পোস্টিং করার বিষয় উল্লেখ থাকবে। নিয়োগকৃতদের বেতন থেকে অতিরিক্ত কোনো চার্জ কেটে রাখা যাবে না। | • পরিচালক (প্রশাঃ ও অর্থ)<br>• পরিচালক (প্রশিক্ষণ, পরিকল্পনা ও উন্নয়ন)<br>• পরিচালক (অপারেশন ও মেইনটেন্যান্স)<br>• উপপরিচালক (সকল বিভাগ)<br>• সহকারী পরিচালক (সকল বিভাগ) |
| ১৮। | বাসা বরাদ্দ ও টিএ/ডিএ বিল সংক্রান্ত | উপপরিচালক (উন্নয়ন) : অনেক স্টেশনে আবাসিক ভবনে অফিসার না থাকায়, তার নামে বরাদ্দকৃত বাসা ফাঁকা পড়ে থাকে; যার ফলে বাসাটি জরাজীর্ণ হয়ে পড়ে। তাই অফিসার না থাকলে তার জন্য বরাদ্দকৃত বাসা কমিটির মাধ্যমে অন্য কোন সদস্যকে বরাদ্দ প্রদান করা যেতে পারে।<br><br>মহাপরিচালক মহোদয় : বাসা বরাদ্দের সাধারণ নির্দেশনা অনুসরণ করে এয়ারমার্ক করা বাসা অন্যকে বরাদ্দ প্রদান করা যায় কিনা, এ ব্যাপারে কেন্দ্রীয় বাসা বরাদ্দ কমিটি আলোচনা করে সিদ্ধান্ত জানাবে।<br>বাজেটের মধ্যে সংকুলান হলে সকলের টিএডিএ বিল পরিশোধ করে দিতে হবে। কোনো কারণে সম্ভব না হলে অধিদপ্তরে যোগাযোগ করতে হবে। | • পরিচালক (প্রশাঃ ও অর্থ)<br>• উপপরিচালক (সকল বিভাগ)<br>• সহকারী পরিচালক (সকল বিভাগ) |

০২। সভায় অন্য কোন আলোচনা না থাকায় অধিদপ্তর কর্তৃক গ্রহণকৃত বিভিন্ন কার্যক্রম সফলভাবে সম্পন্নকরণের লক্ষ্যে আন্তরিকতা বজায় রেখে সবাইকে ঐক্যবদ্ধ হয়ে কার্যক্রম পরিচালনা ও গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
বিগ্রেডিয়ার জেনারেল
মুহাম্মদ মাইন উদ্দিন, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি
মহাপরিচালক

স্মারক নং : ৫৮.০৩.০০০০.০২০.১৫.০১৫.২৪. ২৪৯

তারিখ : ২৬/০৯/১৪৩১
০৯/০১/২০২৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো:

১. পরিচালক (প্রশাঃ ও অর্থ/অপাঃ ও মেইনঃ/পঃ উঃ প্রঃ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
২. উপপরিচালক(প্রশাঃ ও অর্থ/পরিকল্পন/অ্যাম্বুলেন্স/উন্নয়ন/অপারেশন) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৩. উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/খুলনা/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।
৪. অধ্যক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।
৫. সহকারী পরিচালক (প্রশাঃ ও অর্থ/ক্রয় ও স্টোর/অপারেশন/ওয়্যারহাউজ ও ফায়ার প্রিভেনশন/পরিকল্পনা/উন্নয়ন/প্রশিক্ষণ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৬. সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ............................................................(সকল)।
৭. সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, কেন্দ্রীয় কারিগরি কারখানা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৮. উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স,............................................................(সকল)।
৯. সহকারী যোগাযোগ প্রকৌশলী (বেতার), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১০. ফোরম্যান, কেন্দ্রীয় কারিগরি কারখানা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১১. সিনিয়র স্টাফ অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
১২. উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা জোন- ১/ ২/ ৩/ ৪/ ৫/।
১৩. ভারপ্রাপ্ত কর্মকর্তা, কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, মিডিয়া সেল/আইসিটি সেল/রিফর্ম সেল।
১৫. এমটিও, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৬. সিনিয়র স্টেশন অফিসার/স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, ..............(সকল)।
১৭. সুপার/সেকশন ইনচার্জ.............................................., ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৮. এ অধিদপ্তরের গার্ড ফাইল/হিসাব/বাসাবরাদ্দ/নিয়োগ/বদলি/বিভাগীয় কল্যাণ তহবিল/আইসিটি সেল/রেকর্ড/এইচআরএম/ ডাটাএন্ট্রি/এসিআর/ট্রেনিং/ছুটি/তদন্ত/অপারেশন/রেশন/পেনশন/ফায়ার সার্ভিস ওয়েলফেয়ার ট্রাস্ট/দেশিক ক্রয়/ক্রয় ও স্টোর/পত্র গ্রহণ ও বিতরণ/ওয়্যারহাউজ/পরিকল্পনা/অ্যাম্বুলেন্স/উন্নয়ন/ফায়ার এন্ড সেফটি সেল/নারী কল্যাণ শাখা।

14/01/25

লে. কর্নেল মো. রেজাউল করিম, পিএসসি
পরিচালক (প্রশিক্ষণ, পরিকল্পনা ও উন্নয়ন)
অতিরিক্ত দায়িত্ব-পরিচালক (প্রশাসন ও অর্থ)